



পাখি ও বেরি ফলের ওপর জরিপ

পাখিদের বেরি (একধরনের ক্ষুদ্র রসালো ফল) ফল খাওয়ার অভ্যাস শনাক্তে সহায়তা করতে বাগানের মালিক ও পাখি পর্যবেক্ষকদের প্রতি আহ্বান জানানো হয়েছে। একটি গবেষণার স্বার্থে এ আহ্বান জানিয়েছে ব্রিটিশ ট্রাস্ট ফর ওরনিথোলজি (বিটিও) নামের একটি প্রতিষ্ঠান।

পাখিরা কীভাবে বাগানের বেরিসহ বিভিন্ন ফল খায়, তা নিয়ে এই প্রথমবারের মতো বড় পরিসরে গবেষণা হতে যাচ্ছে। বেরি ফল পাখিদের আকৃষ্ট করে, এটা আগে থেকেই জানা তথ্য। তবে কোন ধরনের বেরি বা অন্যান্য ফল কখন খেতে কোন পাখি পছন্দ করে, সে বিষয়ে আজ পর্যন্ত খুব কম তথ্যই জানা গেছে।

বিজ্ঞানীদের বিশ্বাস, নির্দিষ্ট প্রকারের বেরি ফল পছন্দ করার মাধ্যমে পাখিরা বিভিন্ন ধরনের আগ্রাসী প্রজাতির উদ্ভিদের বীজ ছড়িয়ে থাকতে পারে। পাখি ও বাগানে জন্ম নেওয়া বেরি ফলের ওপর এই গবেষণা গত বছরের ৩০ সেপ্টেম্বর থেকে শুরু হয়েছে। এটা চলবে ২০১৩ সালের ৩০ মার্চ পর্যন্ত। বিবিসি।